

আপনার চারপাশে আমাদের নজরদারি

চকপোস্ট

কোম্পানীগঞ্জ দুর্গা মাকে বিসর্জন দেন সনাতন ধর্মালম্বীরা

আপডেট সময় ১০:১৪:০৭ পূর্বাহ্ন, সোমবার, ১৪ অক্টোবর ২০২৪



কোম্পানীগঞ্জ উপজেলায় বিভিন্ন দুর্গা মন্দির পরিদর্শন করেন সিলেট জেলার আনসার ও ভিডিপি- জেলা কমান্ড্যান্ট শাওন আসাদ। গতকাল রোববার ১৩ (অক্টোবর) উপজেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন, সিএ-এ এস এম এনামুল হক, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার মোছাম্মৎ সেলিনা বেগম, উপজেলা প্রশিক্ষক মিজানুর রহমানসহ কোম্পানীগঞ্জ আনসার বাহিনীর বিভিন্ন সদস্য। দুর্গা মাকে বিসর্জনের মধ্য দিয়ে শেষ হলো শারদীয় দুর্গাপূজা-২০২৪। এবারের পূজায় অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে দ্বায়িত্ব পালন করেন কোম্পানীগঞ্জ উপজেলার আনসার ও ভিডিপি সদস্যবৃন্দ।



উপজেলা আনসার ও ভিডিপি অফিসার মোছাম্মৎ সেলিনা বেগম সাংবাদিকের প্রশ্নের জবাবে বলেন, আমার কোম্পানীগঞ্জ উপজেলাধীন পূজা মন্ডপ গুলোতে শান্তি ও নিরাপত্তার সাথে সনাতন ধর্মাবলম্বীরা তাদের শারদীয় দুর্গোৎসব পালন করতে পারেন -সেই উপলক্ষে আমার আনসার সদস্যরা অত্যন্ত নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছেন এবং আমার উপজেলায় কোন দুর্গা মন্দিরে বিশৃঙ্খলা ঘটেনি । স্থানীয়ভাবে খোঁজ নিয়ে জানা গেছে এবারের পূজায় অর্পিত দায়িত্ব পালন করে সর্বমহলে প্রশংসিত হয়েছেন কোম্পানীগঞ্জ আনসার ও ভিডিপি বাহিনী ।।

সম্পাদক মন্ডলী

সম্পাদক ও প্রকাশকঃ শেখ শাহাউর রহমান বেলাল
প্রধান সম্পাদকঃ আব্দুল হাকীম রাজ

নির্বাহী সম্পাদকঃ এম রহমান মেঘ

সহযোগি সম্পাদকঃ মুজাহিদুর রহমান মসি

যোগাযোগের ঠিকানা

হবিগঞ্জ অফিস: অলিপুর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

ঢাকা অফিস: ১৮৬ কাজলার পাড়, ডক্টরস ল্যাব এন্ড
হসপিটাল, (৪র্থ তলা) ডেমরা রোড, ঢাকা-১২০৪।
ইমেইলঃ checkpost2015@gmail.com

মোবাইলঃ ০১৯৩১-৪৬১৩৬৪, ০১৭৬৩৭১৫২৯১